Please check the examination details below before entering your candidate information

| Candidate surname | Other names |
|---|---|
| | |

Centre Number | Candidate Number

**Pearson Edexcel International GCSE (9–1)**

# Monday 28 October 2024

Morning (Time: 2 hours 30 minutes)

**Paper reference** **4BA0/01**

# Bangla

## PAPER 1: Reading, Writing and Translation

**You do not need any other materials.**

Total Marks

## Instructions

- Use **black** ink or ball-point pen.
- **Fill in the boxes** at the top of this page with your name, centre number and candidate number.
- There are **three** sections you must answer:
  – Section A Questions 1–4
  – Section B Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c)
  – Section C Question 7.
- Answer the questions in the spaces provided
  – *there may be more space than you need.*
- You must **not** use a dictionary.

## Information

- The total mark for this paper is 100.
- The marks for **each** question are shown in brackets
  – *use this as a guide as to how much time to spend on each question.*

## Advice

- Read each question carefully before you start to answer it.
- Check your answers if you have time at the end.

*Turn over* ▶

P75905A

©2024 Pearson Education Ltd.

V:1/1/1/1/1/1/1/1/1/e2/1/

P 7 5 9 0 5 A 0 1 2 0

Pearson

## SECTION A

## Reading

**Answer ALL questions.**

**Write your answers in the spaces provided.**

**Multiple-choice questions must be answered with a cross in a box ☒. If you change your mind about an answer, put a line through the box ☒ and then mark your new answer with a cross ☒. Open-response questions do not have to be written in full sentences and you may respond using single words or phrases.**

**1** ‘কৃত্রিম বুদ্ধিমত্তা ও রোবট’ সম্বন্ধে নিচের লেখাটি পড়ো এবং শব্দ তালিকা থেকে প্রতিটি বাক্সে সঠিক শব্দের অক্ষরটি বসাও।

### *কৃত্রিম বুদ্ধিমত্তা ও রোবট*

সাম্প্রতিক সময়ে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার খুব পরিচিতি পেয়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে চ্যাটিংয়ের মাধ্যমে প্রশ্নের উত্তর খুঁজে নেওয়ার চেয়েও বিভিন্ন বিষয় সম্পর্কে লিখিয়ে নিতে এর ব্যবহার জনপ্রিয় হয়ে উঠেছে। আজকাল এই প্রযুক্তি ব্যবহার করে সংবাদ পাঠ করতেও দেখা যায়। এসব ঘিরে মানুষের কৌতূহলের শেষ নেই।

এবার খবরের শিরোনাম হয়ে এসেছে একটি রোবট। কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে চলা এই রোবটটির নাম 'মিকা'। এর আগে 'সোফিয়া' নামে আরেকটি রোবট মানুষের নজর কেড়েছিলো। নতুন রোবটটি একটি প্রতিষ্ঠান পরিচালনার দায়িত্ব পেয়েছে।

'মিকা'-র উদ্ভাবক নিশ্চিত করেছেন যে এই রোবটটি শতভাগ নিরাপদ করতে হলে এটিকে মানুষের মূল্যবোধ শেখাতে হবে। 'মিকা' এখন প্রতিষ্ঠানের নিয়ম-নীতি অনুযায়ী উপযুক্ত সিদ্ধান্ত নিতে সক্ষম। তার নেওয়া সিদ্ধান্ত যেকোনো ব্যক্তিগত স্বার্থকে উপেক্ষা করে। আরেকটি ব্যতিক্রম হলো 'মিকা'-র কোনো ছুটির দিন নেই। সে সব সময় চালু থাকে। প্রয়োজনমত সিদ্ধান্ত নিতে সে চব্বিশ ঘণ্টাই তৈরি!

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

| | | | |
|---|---|---|---|
| **A** প্রথম | **B** দ্বিতীয় | **C** দুর্ভাবনার | **D** আগ্রহের |
| **E** কর্মকর্তা | **F** মিস্ত্রি | **G** খবর | **H** রচনা |
| **I** শেখাতে | **J** প্রশ্নোত্তর | **K** লেখাতে | **L** সঠিক |
| **M** দ্রুত | | | |

| | | |
|---|---|---|
| **উদাহরণ:** | চ্যাটিং মানুষ বেশি ব্যবহার করছে … লেখায়। | **H** |
| **1** (a) | গণমাধ্যমে কৃত্রিম বুদ্ধিমত্তার একটি ব্যবহার হলো … পড়া। | |
| **1** (b) | কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে মানুষের … শেষ নেই। | |
| **1** (c) | এ ধরনের রোবট হিসেবে 'মিকা' হলো … । | |
| **1** (d) | 'মিকা' কাজ করছে একজন … হিসেবে। | |
| **1** (e) | 'মিকা' যেসব সিদ্ধান্ত নেয় তা … । | |
| **1** (f) | এ ধরনের রোবটদের মানবিকতা … হবে। | |

**(Total for Question 1 = 6 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**2** 'উৎসবের দিন' সম্বন্ধে নিচে দেওয়া তিনজন বন্ধুর মতামত পড়ো। ৮টি সঠিক বাক্সে ☒ চিহ্ন বসাও। কোনো কোনো বাক্যে অথবা নামের নিচে একাধিক ☒ বা কোনো ☒ না-ও থাকতে পারে।

## *উৎসবের দিন*

**ডরিন**



অতীতের মতো বিভিন্ন উৎসবে আমরা দোকান থেকে শুভেচ্ছা কার্ড কিনে হাতে লিখে সামনা-সামনি কার্ড পৌঁছে দেই। ডিজিটাল মাধ্যমে শুভেচ্ছা পাঠানো আমার কাছে আন্তরিক মনে হয় না। উৎসবের দিনটিতে বন্ধুদের সাথে সময় কাটালেও পরিবারকেই বেশি প্রাধান্য দেই। উৎসব উপলক্ষ্যে বেশ কিছুদিন ছুটি পাওয়া যায় বলে প্রতিবেশি আর আত্মীয়-স্বজনদের সাথে আমাদের বাসায় সময় কাটাই।

**মুরাদ**



আমাদের কাছে উৎসব মানেই কয়েকদিনের ছুটি কাটানো। আমি আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধবদের ডিজিটাল মাধ্যমে শুভেচ্ছা পাঠাই। ফলে শুভেচ্ছা কার্ড হাতে পৌঁছে দেওয়ার কোনো ঝামেলা থাকে না। দোকান থেকে বেছে বেছে কার্ডও কিনতে হয় না। উৎসবের দিনগুলোতে আমরা দেশের ভিতরেই কোথাও বেড়াতে চলে যাই। পরিবারের সবার সাথে বেড়ানোর ছবি ডিজিটাল মাধ্যমে বন্ধুদের সাথে শেয়ার করি।

**মিতু**



উৎসবের দিনটিতে আমি আমাদের বাড়ির বাগানে বন্ধু-বান্ধবদের সাথে সময় কাটাতেই বেশি পছন্দ করি। আমার মা-বাবা প্রতিবেশি বা আত্মীয়দের সাথে সময় কাটান। তাঁরা আমাদের বাসায় বেড়াতে আসেন। ডিজিটাল মাধ্যমে শুভেচ্ছা কার্ড পাঠানো আমার কাছে অর্থহীন মনে হয়, তাই আমি সরাসরি বা সামনা-সামনি শুভেচ্ছা কার্ড দিয়ে আনন্দ পাই। উৎসব উপলক্ষ্যে কয়েকদিনের ছুটি থাকায় বিশ্রাম নেই।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

| | | ডরিন | মুরাদ | মিতু |
|---|---|---|---|---|
| **উদাহরণ:** | পুরোনো দিনের প্রথা ধরে রেখেছে। | ☒ | ☐ | ☐ |
| **A** | দোকান থেকে শুভেচ্ছা কার্ড কিনতে যায় না। | ☐ | ☐ | ☐ |
| **B** | শুভেচ্ছা বিনিময়ে অনলাইনের ব্যবহার অপছন্দ করে। | ☐ | ☐ | ☐ |
| **C** | উৎসবের ছুটিতে ভ্রমণ করে। | ☐ | ☐ | ☐ |
| **D** | বন্ধুদের সাথে উৎসব উদ্‌যাপনে বেশি প্রাধান্য দেয়। | ☐ | ☐ | ☐ |
| **E** | উৎসব উদ্‌যাপনের মুহূর্তগুলো অনলাইনে ভাগাভাগি করে। | ☐ | ☐ | ☐ |
| **F** | প্রতিবেশিরা বাসায় বেড়াতে আসেন। | ☐ | ☐ | ☐ |

**(Total for Question 2 = 8 marks)**

**3** 'নীলক্ষেত বইয়ের মার্কেট' সম্পর্কে লেখাটি পড়ো। **বাংলায়** শব্দ/শব্দমালা দিয়ে নিচের নোটগুলো পূরণ করো।

***নীলক্ষেত বইয়ের মার্কেট***

একসময় নানা ধরনের গল্প, উপন্যাস ও পাঠ্যবইয়ের খোঁজে অনেক শিক্ষার্থী, লেখক ও কবি নীলক্ষেত বইয়ের মার্কেটে যেতেন।

বেশি ভিড় দেখা যেত পুরোনো পাঠ্যবইয়ের দোকানে। সেখানে কম দামে বই কিনতে পারার পাশাপাশি আর ছাপানো হয় না এমন সব বই কেনার সুযোগ মিলতো। ভাগ্য সুপ্রসন্ন হলে কপালে জুটে যেত লেখকের অটোগ্রাফ দেওয়া গল্প-উপন্যাসের বই আর বিদেশি বই।

একদিন রাসেল ঢাকা কলেজ থেকে নীলক্ষেত বাঁ দিকে রেখে ফুটপাত ধরে হাঁটতে হাঁটতে নিউমার্কেটের দিকে যাচ্ছিলো। অপর প্রান্তে বাঁ দিকে তাকাতেই নীলক্ষেতের অতি পরিচিত একটি পুরোনো বইয়ের দোকানের দিকে তার চোখ পড়লো। সেসব দিনের কথা মনে পড়তেই সে থমকে দাঁড়ালো। স্মৃতিকাতর রাসেল সেখানে দাঁড়িয়ে হারিয়ে গেলো নীলক্ষেত বইয়ের মার্কেটের অতীতে। তার মনে পড়তে লাগলো ঢাকা কলেজে পড়ার দিনগুলোতে সেখানে ঘণ্টার পর ঘণ্টা সময় কাটানোর কথা। সেই তাকিয়ে থাকার মধ্যে দিয়ে নানা রকম অনুভূতি তার মনে ভিড় করছিলো। তার প্রিয় বইয়ের দোকানটি বন্ধ দেখে সে দীর্ঘশ্বাস ফেললো। বন্ধ দোকানটির অবস্থা দেখে সে নিমেষেই ধারণা করতে পারলো যে সেখানে আর বই কেনাবেচা হয় না। আশেপাশের বেশ কয়েকটা দোকানের দশা তেমনটাই। ধুলো আর ঝুলে ভরা!

এই ডিজিটাল যুগে আগের মতো কাগজের বই কিনে পড়ার আগ্রহ বোধহয় অনেকেরই নেই।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**উদাহরণ:** রাসেলের লেখাপড়া: ঢাকা কলেজে

(a) নীলক্ষেত বইয়ের মার্কেটে যারা যেতেন: ..............................

আর ..............................

**(2)**

(b) পুরোনো পাঠ্যপুস্তকের চাহিদার কারণ ছিলো: ..............................

আর ..............................

**(2)**

(c) সৌভাগ্যবান ক্রেতারা কখনও কখনও পেয়ে যেতেন: ..............................

আর ..............................

**(2)**

(d) রাসেল যেদিকে যাচ্ছিলো: ..............................

আর বাঁ দিকে অবস্থিত নীলক্ষেতের দোকানটি ছিলো

রাসেলের ..............................

**(2)**

(e) নীলক্ষেতের দোকানটি দেখে রাসেল হয়ে পড়লো: ..............................

আর ফিরে গেলো ..............................

**(2)**

(f) মার্কেটের বন্ধ দোকানগুলো এখন: ..............................

কারণ ..............................

**(2)**

**(Total for Question 3 = 12 marks)**



DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**4** (a) নিচে দেওয়া **'আত্মকথা'** থেকে প্রমথ চৌধুরীর ছোটোবেলার অংশবিশেষ পড়ো।

***আত্মকথা***

যদিও আমার বাড়ি পাবনা জেলায় তবে আমার জন্ম হয় যশোরে। বাড়ি বলতে আমি সেই স্থানকেই বুঝি, যেখানে অনেক আগে থেকে আমাদের পূর্বপুরুষদের বাস। আমি পাঁচ বছর বয়সে যশোর ছেড়ে কৃষ্ণনগর আসি। এই শহরেই আমি 'অ আ ক খ' শিখেছি।

কৃষ্ণনগর ছিলো পাড়াগেঁয়ে শহর। সেখানে অনেক কামার-কুমোর বাস করতো। আর তাদের দোকানে আমাদের যাওয়া-আসা ছিলো অবাধ। আমাদের ছেলেবয়সে ঘুড়ি ওড়াবার শখ ছিলো। তাই ঘুড়ি ওড়াবার সময় যেসব আঞ্চলিক বা স্থানীয় শব্দগুলো ব্যবহার করা হয়, সেসব নতুন শব্দ আমি শিখেছিলাম নিজে ঘুড়ি উড়িয়ে।

কৃষ্ণনগর কলেজের উত্তরে মালোপাড়া বলে একটি পাড়া ছিলো। সেখানে বাস করতো যারা মাছ ধরে ও নৌকা বায়। আর তাদের কাছেই শিখেছি, লম্বা লাঠি বা বাঁশ দিয়ে নৌকাকে সামনের দিকে ঠেলে নিয়ে যাওয়াকে 'লগি মারা' এবং রশি দিয়ে টেনে নিয়ে যাওয়াকে 'গুণ টানা' বলে।

এর থেকে সহজেই বুঝা যায় যে বাংলা ভাষা আমি শুধুমাত্র বই পড়ে শিখিনি। বইয়ের পাশাপাশি শিখেছি নানা শ্রেণিপেশার লোকের মুখে শুনে। তা ছাড়া সেকালে মুখের ভাষাও খুব শ্রুতিমধুর ছিলো। আজও সেসব শব্দ আমার লেখায় ব্যবহার করি। ফলে আমার সাহিত্যের ভাষারও পুঁজি বেড়ে গিয়েছে। কিছু কিছু শেখা শুধু পড়ে হয় না, বরং সহজে শিখতে হলে বাস্তব জীবনের সাথে মিল খুঁজতে হয় এবং চারপাশের লোকজনের কাছ থেকে জেনে নিতে হয়; যেমন গাছপালা ও পশুপাখি সম্পর্কে শেখা। তাই বলি নামের সাথে রূপের সংযোগ ঘটিয়ে তবেই শেখা আয়ত্ত করা সহজ হয়।

গল্পটি পড়ে **বাংলায়** নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। তোমার উত্তর সম্পূর্ণ বাক্যে লেখার প্রয়োজন নেই।

(i) লেখকের জন্ম কোথায়?

**(1)**

..............................................................................................................................................

(ii) লেখক বাড়ি বলতে কী বুঝিয়েছেন?

**(1)**

..............................................................................................................................................

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

(iii) লেখকের লেখাপড়ার শুরু কোথায়?

**(1)**

.......................................................................................................................................

(iv) লেখক ছোটোবেলায় কীসে আনন্দ পেতেন? **একটি** বিষয় লেখো।

**(1)**

.......................................................................................................................................

(v) মালোপাড়ার অধিকাংশ অধিবাসীর পেশা কী ছিলো? **একটি** বিষয় লেখো।

**(1)**

.......................................................................................................................................

(vi) লেখকের বাংলা ভাষা শেখার ধরন কেমন ছিলো? **দুটি** বিষয় লেখো।

**(2)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

(vii) মানুষের মুখের ভাষা শুনতে কেমন লাগে বলে লেখক উল্লেখ করেছেন? **একটি** বিষয় লেখো।

**(1)**

.......................................................................................................................................

(viii) লেখাপড়ার পাশাপাশি আর কীভাবে সহজে নতুন শব্দ শেখা যায়? **দুটি** বিষয় লেখো।

**(2)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**4** (b) প্রমথ চৌধুরীর 'আত্মকথা' সম্পর্কে আলোচনাটি পড়ে **বাংলায়** প্রশ্নগুলোর উত্তর দাও।

**সোহেল:** 'লেখকের ভাষা শেখার ধরনের সঙ্গে আমি পুরোপুরি একমত। আমি মনে করি প্রমিত ভাষার পাশাপাশি আঞ্চলিক ভাষা জানা ভালো। আমি কয়েকটি আঞ্চলিক ভাষা বুঝি এবং বলতে পারি। ফলে সেসব অঞ্চলের লোকজনের সাথে যোগাযোগ করতে পারি। আমি বিশ্বাস করি এতে করে তাদের কাছে আমি নিজের আন্তরিকতা প্রমাণ করতে পারি। মিশুক হিসেবে নিজের পরিচিতি পাই। ভাবছি আমার এলাকার ইতিহাস নিয়ে আমি একটি প্রতিবেদন লিখবো। সেখানে যেসব বয়স্ক লোকজন প্রমিত ভাষায় ততটা অভ্যস্ত না, আমি আঞ্চলিক ভাষা ব্যবহার করে অনেক অজানা বিষয়ে তাদের অভিজ্ঞতার কথা জানতে পারবো। এভাবে আমি যেমন নানা রকমের সংস্কৃতি সম্পর্কে সরাসরি জানার সুযোগ পাবো তেমনটাই আঞ্চলিক ভাষা জানার কারণে প্রমিত ভাষা আরও সহজে শিখতে পারবো।

আমরা জানি যে বইয়ের বা প্রাতিষ্ঠানিক ভাষা প্রমিত ভাষা, আর লোকমুখের ভাষা আঞ্চলিক ভাষা হিসেবে পরিচিত।'

**নীলা:** 'আমি তোমার যুক্তি বুঝতে পারছি তবে আমাদের খেয়াল রাখতে হবে যে বিভিন্ন অঞ্চলে আঞ্চলিক ভাষার পার্থক্য আছে।

এক অঞ্চলের আঞ্চলিক ভাষা কিন্তু অন্য অঞ্চলের লোকজন সহজে বুঝতে পারে না। আমি মনে করি না যে আমি সব অঞ্চলের ভাষা শিখতে পারবো। তবে আমি যে অঞ্চলে বড়ো হয়েছি সেখানকার ভাষা আমি খুব ভালোভাবেই জানি। সমস্যা হলো আমার কথা বলার ধরনে সেই অঞ্চলের একটা ছাপ লক্ষ করি। এর ফলে যখন আমি প্রমিত ভাষায় যোগাযোগ করি তখন আমার অনেক শব্দের উচ্চারণেই আঞ্চলিকতার প্রভাব শুনতে পাই। প্রমিত ভাষা কিন্তু সকলের জন্য আর আঞ্চলিক ভাষা মূলত একটি বিশেষ অঞ্চলের লোকজনের জন্য। আমি আমার কর্মজীবনের জন্য প্রস্তুত হতে প্রমিত ভাষা ব্যবহারের বেশি গুরুত্ব দেই।

আমিও মনে করি যে লেখকের ছেলেবেলায় প্রমিত ভাষার পাশাপাশি আঞ্চলিক ভাষা শেখার ধরনটা চমৎকার। আর আমাদের জীবনে দুধরনের ভাষারই প্রয়োজন আছে।'

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

(i) নিচের বিষয়গুলোর ওপর প্রথম বন্ধু সোহেলের মতামত সংক্ষেপে লেখো।

- সম্পর্ক গড়ে তোলার ক্ষেত্রে আঞ্চলিক ভাষার প্রভাব

**(1)**

- ভবিষ্যতে আঞ্চলিক ভাষার ব্যবহার

**(1)**

(ii) নিচের বিষয়গুলোর ওপর দ্বিতীয় বন্ধু নীলার মতামত সংক্ষেপে লেখো।

- আঞ্চলিক ভাষার সীমাবদ্ধতা

**(1)**

- প্রমিত ভাষার গুরুত্ব

**(1)**

**(Total for Question 4 = 14 marks)**

**TOTAL FOR SECTION A = 40 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

## SECTION B

## Writing

**Answer Question 5 and either Question 6(a) or 6(b) or 6(c).**

**Write your answers in the spaces provided.**

**5**

*খাবার ও পানীয়*

| | |
|---|---|
| উপযুক্ত খাবার ও পানীয়ের প্রয়োজনীয়তা | বাইরের খাবারের অপকারিতা |
| আগের খাদ্যাভাস | ভবিষ্যতের খাদ্যাভাস |

খাবার ও পানীয় সম্পর্কে **বাংলায় আনুমানিক ৮০ শব্দে লেখো**। তোমার লেখায় ওপরে দেওয়া চারটি বিষয় অবশ্যই উল্লেখ করবে।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 5 = 14 marks)**

**6** **আনুমানিক ১৪০ শব্দে নিচের** তিনটি কাজ থেকে যেকোনো একটি বিষয়ে **বাংলায়** লেখো।

(a) **কাজ ১**



'উন্নত পরিবেশ'– এই বিষয়ে বাংলা সংবাদপত্রের জন্য একটি নিবন্ধ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- তোমার দেশের পরিবেশগত প্রধান সমস্যাগুলো
- পরিবেশের সমস্যা মোকাবেলায় সম্প্রতি যা যা করা হয়েছিলো
- ভবিষ্যতে তোমার দেশকে পরিবেশবান্ধব করার পরামর্শ

**(26)**

(b) **কাজ ২**

হ্যালো অলোক,

আজকাল লেখাপড়ার অনেক কাজ নিয়ে অনলাইনে ব্যস্ত থাকি। অবশ্য এর পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমেও অনেক সময় কাটাই। এসব করতে গিয়ে কিছুদিন হলো আমার খুব অনিয়ম হচ্ছে। একদিকে রাতে ঘুমাতে দেরি হয়, আবার অন্যদিকে বেশ ক্লান্তও থাকি। তোমার সময় কেমন কাটছে?

নার্গিস

নার্গিস যে বার্তাটি পাঠিয়েছে এর জবাবে তুমি তাকে একটি ইমেল লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- বর্তমানে তোমার প্রতিদিনের সময়সূচি
- ছোটোবেলায় তোমার প্রতিদিনের সময়সূচি যেসব কারণে আলাদা ছিলো
- প্রতিদিনের সময়সূচির ব্যাপারে তুমি বন্ধুকে যেসব পরামর্শ দেবে

**(26)**

(c) **কাজ ৩**

'শিক্ষাসফর' সম্বন্ধে তুমি বাংলায় একটি ব্লগ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- ছাত্রজীবনে শিক্ষাসফরের গুরুত্ব
- সাম্প্রতিক একটি শিক্ষাসফরের অভিজ্ঞতা
- ভবিষ্যতে শিক্ষাসফরকে আরও শিক্ষণীয় ও বিনোদনমূলক করতে তোমার পরামর্শ

**(26)**

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**Indicate which question you are answering by marking a cross in the box ☒. If you change your mind, put a line through the box ☒ and then indicate your new question with a cross ☒.**

Chosen question number: **Question 6(a)** ☒ **Question 6(b)** ☒ **Question 6(c)** ☒

.......................................................................................................................................

**(Total for Question 6 = 26 marks)**

**TOTAL FOR SECTION B = 40 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

## SECTION C

### Translation into Bangla

**Write your answer in the space provided.**

**7** নিচের লেখাটি **বাংলায়** অনুবাদ করো।

Writing by hand helps in learning. Scientists think that it makes the brain work more.

Some students were asked to write what appeared on a screen. They used a digital pen directly on a touchscreen. To type, they used a single finger to press keys on a keyboard. The result was totally amazing. It was clear that hand movements, when using a pen, promote learning.

It is recommended that teachers also must keep up with new technological methods to record leaners' work, such as apps on smartphones.

**(20)**

GradeMax

**(Total for Question 7 = 20 marks)**

**TOTAL FOR SECTION C = 20 MARKS**
**TOTAL FOR PAPER = 100 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

GradeMax

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

**Source information**

**Question 1**
Source: https://www.kishoralo.com/feature/yxjrbekukg

**Question 2**
Source: https://www.banglanews24.com/feature/news/bd/1022728.details
Image 1 © LordRunar/Getty Images
Image 2 © Mayur Kakade/Getty Images
Image 3 © Riza Azhari/Getty Images

**Question 3**
Source: https://www.kishoralo.com/lifestyle/f6540f16k3

**Question 4**
Source: https://archive.org/details/dli.bengal.10689.17359/page/n7/mode/2up

**Question 6**
Image © Rehman Asad/Getty Images

**Question 7**
Source: https://www.sciencenorway.no/education-keyboard-skills-psychology/writing-by-hand-activates-more-areas-of-the-brain-than-typing-on-a-keyboard/2320808